

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখঃ ২৯ ডিসেম্বর ২০১৪।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবন্দ।

হতে : আইসিটি সেকশন।

বিষয় : স্মার্টফোনে Viber এবং Skype ব্যবহার প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, ব্যবস্থাপনার সিদ্ধান্তক্রমে সংস্থার কর্ম এলাকার মধ্যে 3G নেটওয়ার্কের কভারেজ আছে এমন এলাকায় অবস্থিত অফিসের উর্ধতন সহকর্মীদের (শাখা ব্যবস্থাপক থেকে উপরে) মোবাইল ফোনের মাধ্যমে Viber ও Skype কথা বলা এবং ভিডিও কনফারেন্সের সুবিধার জন্য স্মার্টফোন ব্যবহার করতে হবে। বিস্তারিত নিম্নে আলোচনা করা হল।

১. 3G নেটওয়ার্কের কভারেজ আছে এমন সকল শাখা অফিস/আঞ্চলিক অফিসে উর্ধতন সহকর্মীদের স্মার্টফোন ব্যবহার করতে হবে।
২. আগামী জানুয়ারি-২০১৫ থেকে সকল MCM মিটিং এ Skype ব্যবহারের সুবিধা রেখে পরিচালনা করতে হবে। যাতে প্রধান কার্যালয় থেকে কেউ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে যোগ দিতে পারেন।
৩. সকল স্মার্টফোনে Accu Weather ইনস্টল করে স্থানীয় আবহাওয়া সম্পর্কে প্রতিদিন আপডেট থাকতে হবে। Accu Weather-এ জেলা পর্যায় পর্যন্ত স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পাওয়া যায়।
৪. বর্তমানে Viber এবং Skype-এর মাধ্যমে খুব সহজে ভিডিও কনফারেন্সসহ কথা বলা যায়। ঢাকা অফিসের সাথে যোগাযোগের জন্য এটা খুবই সহজ ও সাশ্রয়ী মাধ্যম।
৫. শাখা ব্যবস্থাপক থেকে উপরের সব কর্মকর্তাকে Walton বা Symphony (1.2 GHz Quad Core Processor, Display Size: 4 inch IPS WVGA, RAM: 512 MB, ROM: 4GB, Primary camera: 5/8 MP Secondary camera: 1/0.3 MP) স্মার্টফোন ব্যবহার করতে হবে। স্মার্টফোন ক্রয়ে অফিস থেকে ঋণ গ্রহন সুবিধা সংক্রান্ত একটি সার্কুলার ইতিপূর্বে প্রদান করা হয়েছে।
৬. সকল আরপিসি, বিএমটিসি এবং সিএমটিসির টিম লিডার সকল পর্যায়ে এর ব্যবহার নিশ্চিত করবেন। ICT-Section এ ব্যাপারে সর্বপ্রকার সহযোগিতা করবে।

অত্র সার্কুলারের কোন অংশ বুঝতে সমস্যা হলে তা ICT-Section এ যে কোন মাধ্যমে জানাতে অনুরোধ করা হলো।

ধন্যবাদ



বরকত উল্লাহ মারুফ

অনুলিপিঃ

নির্বাহী পরিচালক

পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি।